

ছবি ভিডিও ভিডিও

## পরীক্ষা

# এসএসসি ভোকেশনাল পরীক্ষার ফলাফল তিনভাবে জানতে পারবে শিক্ষার্থীরা

নিম্ন প্রতিবেদক ঢাকা

## কারিগরি শিক্ষা বোর্ড

আগামী রোববার (১২ মে) এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে। ওই দিন বেলা ১১টায় সারা দেশে ফলাফল একযোগে প্রকাশ করা হবে। এবারের ফলাফল জানার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড। ৮ মে কারিগরি শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কারিগরি শিক্ষা বোর্ডের [ওয়েবসাইট](#) থেকেও পরীক্ষার্থীরা ফল জানতে পারবে। শিক্ষার্থীরা ওয়েবসাইটে রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর ইনপুট করে ফল দেখতে পারবেন। [ওয়েবসাইটের](#) মাধ্যমে রোল ও রেজিস্ট্রেশন নম্বর অনুযায়ী রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে। এ ছাড়া এসএমএসের মাধ্যমে ফলাফল জানতে SSC Board name (first 3 Letters) Roll Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে। উদাহরণ: SSC Tec 123456 2024 Send to 16222।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো  
করুন**



By using this site, you agree to our Privacy Policy.



---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

সংস্কৃতি © ১৯৯৮-২০২৪ প্রথম আলো